

স্বনির্বাচিত কবিতা

নীলাজ চক্রবর্তী

অ্যাঙ্গেল অফ রিপোজ

গাছের ভাষা
জলের ভাষা
বরাবর
এই যে নিরবধি শব্দটা কোথাও কোথাও
কাট
নতুন করে পাবো বলে
ফাঁপা অক্ষর
একটা ব্যবহার হয়ে
ফল করেছে যেমন
মাটির
বালির
এই একমুঠো অ্যাঙ্গেল অফ রিপোজ
ছড়িয়ে পড়ছে
ভাষা বলতে
এই অবধি তাদের প্রতিবাদ...

ভাষা নামে

ঘন একটা অন্যান্যনক্ষ সময়
পড়ে যাচ্ছে
চোখ
অটোটিউন করা
তোমার যে সময়
দ্রুত
শুধু
ক্যামেরারই ছায়া
উঠছে
ভাষা নামে একটা গাছ জুড়ে
দুটো পাথর
তিনটে জানলা
কে
পেরিয়ে যাচ্ছে
একটা চেকলিস্টের রঙ...

ক্যাচলাইন নামের একটা যেকোনো বৃত্ত

ক্যাচলাইন নামের একটা যেকোনো বৃত্ত
বহমান
কড়া ছায়ায়
কাঁচের বোতাম খুলে
রহস্য
অর্থাৎ
কোথাও পড়ে যাওয়া একটা দৃশ্যের নাম
সফট টার্গেট হতে হতে
কার ভেতর
আঙুল উপচে
শুধু সেলাইদাগেই বৃষ্টি আসছে
পাতার পর পাতা
সমস্ত জলের কাছে
একটা উপদ্রুত ক্যালেক্টর
ফিরে যাওয়া গাছ...

সিনেমার ব্যাকরণে একটা আয়নাক্ষেত ঢুকে পড়লে

ট্রায়াল রুমে অথচ
একটা ঢালু দিন
বুলছে
শার্টের হাতায় একটা চৌকো অভ্যাস
ভাঁজ হচ্ছে
একটা গল্প
একটা গ্রাফপেপার
সিনেমার ব্যাকরণে ওরা এটা এরকম ভাবে করে থাকে
বর্তুলাকার একটা রঙ
স্তন ভেবে
আয়নাক্ষেত
ধোঁয়া একটি সাদাকালো অভ্যাসে বসানো
ঠোঁট বদল করছে
যে হলুদ তীরচিহ্ন কোনদিকে
ঝুঁকে
কিছু খুঁজছেন
কবিতাটা শেষ হয়ে আসছে
লক্ষ্য করুন...

গম একটি ধাতু

গম হয় একটি ধাতু
তার উত্তরে তব্য প্রত্যয় রাখি
যেমন সূ আরেকটি ধাতুর উত্তরে ক্তিন প্রত্যয়
অথচ
অর্থাৎ শব্দটিকে
ভে
ঙে
ছু
রে
দেখেছি
ওখানে ক্যামেরা নেই
তবু
বৃন্ত বরাবর
গন্তব্য একটি স্মৃতি হয়ে
স্মৃতি ও শীতলতার কথায়
বরফপাঠ ও তার প্রস্তুতির কথা ভেসে থাকছে...

অনুষ্ঠান প্রচারে বিঘ্ন ঘটায় দুঃখিত

এই কবিতাটা
কিছুক্ষণ রোদে থাকতে থাকতে
কাছের মন্তব্যগুলি
দূরে
বসে বসে
হে আমি
কিছুতেই
ছায়ার সবটা মনে করতে পারি না
বারবার
কেন
যে তুমি
ক্রমাগত একটা দিবস দিন
দৃশ্য ভেঙে ফেলে
পুনঃসম্প্রচারিত হতে থাকে
ভাষাটির ঠাণ্ডা দেহ...

=X=X=X=

